গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
আইসিটি সেল
http://www.pirojpur.gov.bd

স্মারক নং- ০৫.১০.৭৯০০.১২১.১৮.০০৩.২২-০১৬ তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর বাছাই কমিটি গঠন প্রসঙ্গে।

'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' উদযাপন উপলক্ষে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমাল ২০২১'-এর আলকে পিরোজপুর জেলার বাছাই কমিটি নিম্নরুপ গঠন করা হলো।

১. জেলা প্রশাসক, পিরোজপুর -সভাপতি
২. পুলিশ সুপার, পিরোজপুর -সদস্য
৩. সিভিল সার্জন, পিরোজপুর -সদস্য
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর -সদস্য
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল) , পিরোজপুর -সদস্য
৬. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, পিরোজপুর -সদস্য
৭. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পিরোজপুর -সদস্য
৮. আইসিটি বিষয়ক বিভাগের শিক্ষক, সরকারী সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর -সদস্য
৯. জেলা শিক্ষা কর্মকর্তা, পিরোজপুর -সদস্য
১০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, পিরোজপুর -সদস্য
১১. সহকারী প্রোগ্রামার (অঃদা), জেলা কার্যালয়, পিরোজপুর -সদস্য
১২. এফবিসিসিআই/চেম্বার অব কর্মাস-এর পতিনিধি, পিরোজপুর -সদস্য
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) , পিরোজপুর -সদস্য সচিব

**গঠিত কমিটির কার্যপরিধী:**

ক) জেলা বাছাই কমিটি সাধারণ ও কারিগরি পৃথক ২টি ক্ষেত্রে সরকারি ও বেসরকারি পর্যায়ে আলদাভাবে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও প্রতিষ্ঠান-এ তিনটি শ্রেণিতে ১টি করে মোট ১২ টি প্রস্তাব বাছাইয়ের স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করে সুপারিশসহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট প্রেরণ করবে।
খ) বাছাইয়ের ক্ষেত্রে নির্ধারিত মূল্যায়ন ছক ব্যবহার করবে।
গ) প্রয়োজনে কমিটি অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে।
ঘ) জেলা কমিটি প্রয়োজনে বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

(মোহাম্মদ জাহেদুর রহমান)
জেলা প্রশাসক
পিরোজপুর।
☎ ০১৩২১১৩৪০০১
✉ dcpirojpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
<u>আইসিটি সেল</u>
http://www.pirojpur.gov.bd

স্মারক নং-০৫.১০.৭৯০০.১২১.১৮.০০৩.২২-০১৫

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ এর জন্য মনোনয়ন/ আবেদনপত্র আহ্বান প্রসঙ্গে।

সূত্র: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৮.২২.৭২৭; তারিখ: ২০ জুলাই ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২’ উদযাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২’ প্রদানের নিমিত্তে আগামী ২২ আগস্ট, ২০২২ খ্রি: তারিখের মধ্যে মনোনয়ন/ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

২। উল্লেখ্য যে, ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমাল ২০২১’ অনুসারে মনোনয়ন প্রেরণ করতে হবে অনলাইনে আবেদন দাখিলের জন্য বিস্তারিত তথ্য জানতে www.ictd.gov.bd, www.doict.gov.bd এবং www.digitalbangladesh.gov.bd ওয়েবসাইট ভিজিট করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় পরামর্শের জন্য জনাব মোঃ আবুল হাসান, সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পিরোজপুর-এর সাথে যোগাযোগ করা যেতে পারে। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ জাহেদুর রহমান)
জেলা প্রশাসক
পিরোজপুর।
☎ ০১৩২১১৩৪০০১
email:dcpirojpur@mopa.gov.bd

বিতরণ কার্যার্থেঃ
১) জেলা পর্যায়ের অফিস (সকল), পিরোজপুর।
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), পিরোজপুর
৩) ......................................................

স্মারক নং- ০৫.১০.৭৯০০.১২১.১৮.০০৩.২২-০১৫

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>
১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪) অফিস নথি।

09.08.22

(মাধবী রায়)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
পিরোজপুর।
☎ ০১৩২১১৩৪০০৮
✉ adceduictpirojpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৮.২২.৭২৭

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯ / ২০ জুলাই ২০২২

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য আবেদন আহ্বান।**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে **'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২'** প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই ও মূল্যায়নের তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান | ২০ জুলাই |
| জেলা এবং জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন দাখিল | ২৩ জুলাই – ২২ আগস্ট |
| জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই | ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত বাছাইকৃত আবেদনসমূহ মূল্যায়নপূর্বক সুপারিশ প্রদান | ৩০ অক্টোবর |
| সুপারিশকৃত আবেদনসমূহ 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র নিকট প্রেরণ | ১০ নভেম্বর |
| ডিজিটাল বাংলাদেশ পুরস্কার প্রদান | ১২ ডিসেম্বর |

২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী পূর্ববর্তী সর্বাধিক ০১ (এক) ক্যালেন্ডার বছর অর্থাৎ জানুয়ারি ২০২১-ডিসেম্বর ২০২১ এর কর্মকান্ড বিবেচনাপূর্বক ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১ এবং ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনাবলী সহ নিম্নোক্ত শর্ত/নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**শর্ত/নির্দেশনাবলীঃ**

১. 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসারে আবেদন দাখিল করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮ এবং ১০ নম্বর ধারায় বর্ণিত মনোনয়ন ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান এর জন্য ডিজিটাল বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৩. জেলা বাছাই কমিটি সকল ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ গ্রহণযোগ্য আবেদনসমূহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।

৪. অনলাইনে www.digitalbangladesh.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। এছাড়াও, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১, মনোনয়ন ছক এবং এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী www.ictd.gov.bd এবং www.doict.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৫. পুরস্কার সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

20.7.2022

**মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ**
অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ও
সদস্য সচিব
কেন্দ্রীয় বাছাই কমিটি, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার
ফোন: +৮৮-০২-৪১০২৪০৪১